

তারিখ:
পৃষ্ঠা: ৩ কলাম: ৩

রাজেন্দ্র কলেজ ৥ কবে কোথায় পরীক্ষা হবে তা আনাশচ কেন্দ্র বাতিলের প্রতিবাদে বিক্ষোভ শ্রেফতার ১ নেতা

ইউসুফ রেজা মন্ড, ফরিদপুর থেকে : জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক আদেশ বটে ফরিদপুর রাজেন্দ্র কলেজের মাস্টার্স শেষ পর্বের ৮৪৭ জন পরীক্ষার্থীর জাগ্য অনিশ্চিত হয়ে পড়েছে। গত ১৮ই মার্চের ঘটনায় রাজেন্দ্র কলেজ কেন্দ্রে ফের পরীক্ষা গ্রহণে পরিবেশ না থাকার কারণে ফরিদপুর রাজেন্দ্র কলেজ কেন্দ্র বাতিল করে দেয়া হয়েছে।

ফরিদপুর রাজেন্দ্র কলেজের কেন্দ্র বাতিল ঘোষণায় হাজার হাজার ছাত্র গত ২০ই মার্চ ফরিদপুর শহরে বিক্ষোভ মিছিল করে। এদিকে ১৮ই মার্চের ঘটনায় জড়িত থাকা দায়ে ছাত্রছাত্রী সংসদ নেতা শরিফুল ইসলামকে পুলিশ শ্রেফতার করেছে। পরীক্ষা কেন্দ্র বাতিলের ফলে অভিভাবক মহলে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।

ফরিদপুর রাজেন্দ্র কলেজ কেন্দ্রে শুধুমাত্র ফরিদপুরের ছাত্রছাত্রীরাই নয় বরং পার্শ্ববর্তী ৮/১০টি জেলার ছাত্রছাত্রীরা নিয়মিতভাবে পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে। ১৯৯৯ সালের মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষা কবে কোথায় হবে তাও অনিশ্চিত। এছাড়া ৮৪৭ জন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করার জন্য নতুন করে প্রশপত্র করার প্রয়োজন হবে। নতুন প্রশপত্রের ব্যাপারে পরীক্ষার্থীরা শংকিত।